Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 27 April, 2025

# বিদ্যুৎ, মেট্রোরেলসহ যেকোনো ধরনের গ্রাহক কিংবা যাত্রীসেবা বিঘ্নিত হলে তা অবিলম্বে টেলিভিশনে স্ক্রলের মাধ্যমে জানাতে হবে।এ নির্দেশনা দিয়েছেন সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর দায়িত্বে থাকা উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান।

রোববার (২৭ এপ্রিল) এক দাপ্তরিক নির্দেশনায় এ তথ্য জানানো হয়।এতে উল্লেখ করা হয়, গতকাল শনিবার মেট্রোরেল চলাচল সাময়িকভাবে বিঘ্নিত হয় এবং খুলনা অঞ্চলে ঘটে বিদ্যুৎ বিভ্রাটের ঘটনা।এসব বিষয়ে মন্ত্রণালয়ের সচিব বা সংস্থার প্রধানরা উপদেষ্টাকে সরাসরি অবহিত করেননি; তিনি সামাজিক যোগাযোগমাধ্যম থেকে বিষয়গুলো জানতে পারেন।

পরিস্থিতির পরিপ্রেক্ষিতে জারি করা নির্দেশনায় বলা হয়েছে, এখন থেকে যেকোনো গ্রাহক ও যাত্রীসেবা বিঘ্নের ঘটনা টেলিভিশনের স্ক্রলের মাধ্যমে অনতিবিলম্বে জানাতে হবে।সেবা পুনরায় স্বাভাবিক হলে তা-ও স্ক্রলের মাধ্যমে জানিয়ে ঘটনার জন্য দুঃখ প্রকাশ করতে হবে। নির্দেশনায় আরও উল্লেখ করা হয়: "মনে রাখতে হবে, গ্রাহক ও যাত্রীসেবা আমাদের দয়া নয়, বরং দায়িত্ব।'

সড়ক পরিবহন মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, মেট্রোরেল ও বিদ্যুৎ বিভ্রাটের ঘটনায় সংশ্লিষ্ট দপ্তরগুলোর দায়িত্ব পালনে ক্ষুব্ধ হয়েছেন উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান।তিনি এ বিষয়ে সংশ্লিষ্টদের কাছে কৈফিয়ত চেয়েছেন এবং ভবিষ্যতে এমন ঘটনা এড়াতে কঠোর নির্দেশনা দিয়েছেন।

মেট্রোরেল টেলিভিশন,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 18:56

URL: https://www.timestodaybd.com/national/1531736585